বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৩ তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ / ১২ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: দক্ষিণ আফ্রিকার ব্যবসায়িক প্রতিনিধিদলের সফর এবং দিনব্যাপী সভা।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ(বিডা) এর যৌথ উদ্যোগে ২০২৩ সালে দক্ষিণ আফ্রিকায় আয়োজিত বাণিজ্য ও বিনিয়োগ সম্মেলনের প্রেক্ষিতে দক্ষিণ আফ্রিকা হতে South Africa - Indian Ocean Rim Business Forum (IORBF) এবং Black Business Council (BBC) এর সমন্বয়ে গঠিত একটি উচ্চ পর্যায়ের ব্যবসায়িক প্রতিনিধিদল ১১ মার্চ ২০২৪ হতে ১৬ মার্চ ২০২৪ তারিখে বাংলাদেশ সফর করছেন।


অদ্য ১২ মার্চ ২০২৪ তারিখে বিএসইসি ও বিডা'র উদ্যোগে উক্ত ব্যবসায়িক প্রতিনিধিদলের সাথে বাংলাদেশের সরকারি সংস্থাগুলোসহ গুরুত্বপূর্ণ ব্যবসায় গ্রুপ ও প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিদের দিনব্যাপী একটি সভা আয়োজিত হয়। সকাল ১০:০০ টা থেকে বিকাল ০৫:০০ টা পর্যন্ত ঢাকার আগারগাঁওস্থ বিএসইসি'র মাল্টিপারপাস হলে দিনব্যাপী আয়োজিত সভাটি অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, গত ২৩ আগস্ট ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর যৌথ উদ্যোগে দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে রেডিসন হোটেল অ্যান্ড কনভেনশন সেন্টারে 'The Rise of Bengal Tiger: Bangladesh Trade & Business Summit' শীর্ষক একটি সামিট সফলভাবে আয়োজিত হয়েছিল। উক্ত সামিটে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আয়োজিত বাণিজ্য ও বিনিয়োগ সম্মেলনটিতে বৈশ্বিক ব্যবসায়ী বিশেষত দক্ষিণ আফ্রিকার ব্যবসায়ী-বিনিয়োগকারীদের বাংলাদেশের পুঁজিবাজার এবং বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ-সম্ভাবনা সম্পর্কে ধারণা দেয়া হয়। দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে উক্ত সম্মেলনটির প্রধান আলোচ্যসূচি ছিল ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয়, সহজতর এবং লাভজনক দেশ হিসেবে দক্ষিণ আফ্রিকা এবং এর পার্শ্ববর্তী দেশসমূহের ব্যবসায়ীদের নিকট তুলে ধরা।

দক্ষিণ আফ্রিকা - ইন্ডিয়ান ওশান রিম বিজনেস ফোরাম (আইওআরবিএফ) এর সভাপতি এবং আগত প্রতিনিধিদলের প্রধান Mrs Nokuthula Patience Ndlovu এর নেতৃত্বে উক্ত সভায় অংশ নেন দক্ষিণ আফ্রিকার ব্যবসায়িক প্রতিনিধিদল। ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ড্রাস্ট্রি (এফবিসিসিআই), বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), প্রাণ অ্যাগ্রো, এসিআই অ্যাগ্রো, বিডি থাই অ্যালুমিনিয়াম, স্কয়ার ফুড অ্যান্ড বেভারেজ, জেমিনি সি ফুড পিএলসি, ওয়ালটন গ্রুপ, ফেয়ার গ্রুপ, ফ্রেশ/মেঘনা গ্রুপ, বাংলাদেশ নিটওয়্যার

ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), বিবিএস ক্যাবলস লিমিটেড, পারটেক্স ক্যাবলস লিমিটেড, বিজিএমইএ বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় (বুটেক্স), নাহি অ্যালুমিনিয়াম কম্পোজিট প্যানেল লিমিটেড, সিটি ব্রোকারেজ লিমিটেড, ইউসিবি স্টক ব্রোকারেজ লিমিটেড, ব্র্যাক ইপিএল স্টক ব্রোকারেজ লিমিটেড, লংকাবাংলা সিকিউরিটিজ লিমিটেড ইত্যাদি প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ সভায় অংশগ্রহণ করেন। এছাড়াও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন(বিএসইসি) এবং বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ(বিডা) এর পাশাপাশি বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা), বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, বাণিজ্য মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয় এর প্রতিনিধিবৃন্দ সভায় অংশ নেয়।

সভার আলোচনায় বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশে ব্যবসায়, বাণিজ্য ও বিনিয়োগের সম্ভাব্যতা ও সুযোগ-সুবিধার কথা তুলে ধরেন সংশ্লিষ্ট খাতের প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিবৃন্দ। উক্ত সফল আয়োজনের প্রেক্ষিতে দক্ষিণ আফ্রিকার সাথে বাংলাদেশের বৈদেশিক ব্যবসা-বাণিজ্যের ব্যাপক সম্প্রসারণ হবে বলে আশা করা যাচ্ছে।



মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


IDA
ine Meetings with the Business Delegation from South Africa
Date: 12 March 2024
Time: 10:00 am to 04:30 pm, Tuesday
dall, Securities Commission Bhaban, BSEC
Organized by:
stment Development Authority (BIDA)
&
rities and Exchange Commission (BSEC)


BIDA


BASIS
Road to SMART Banglade
SMART BANGLADESH VISION: $50BN ICT ECONO
ICT INDUSTRY
Smart Economy
Smart Society
Smart Government
Smart Citizens




BANGLADESH SECURITIES AND